

ভাষাভাষী জনগোষ্ঠীর দিক থেকে বাংলা পৃথিবীর অষ্টম বৃহত্তম ভাষা। তারপরও আমাদের নেই কোন ইউনিকোড স্ট্যান্ডার্ড -নেই কোন স্ট্যান্ডার্ড কী-বোর্ড। মূলত এ কারণেই আমরা কম্পিউটারে বাংলা নেহাত দায়ে না পড়লে ব্যবহার করি না। কিন্তু অনেকেই ইমেইল থেকে শুরু করে ইন্টারনেট চ্যাটে বাংলা ব্যবহার করতে চান। ইউনিকোড স্ট্যান্ডার্ড কিংবা স্ট্যান্ডার্ড কী বোর্ড না থাকাটা এসব ইউজারদের খামিয়ে রাখতে পারেনি। আর এসব ইউজাররা যে কাজ করেছে -তাহলো বাংলা উচ্চারণে, ইংরেজী অক্ষরে ইমেইল, চ্যাট ইত্যাদি চালিয়ে গেছে। আর তাদেরই এ পন্থাকে এক চমৎকার রূপ দিয়েছে বংশী। বিডিকম অনলাইনের সফটওয়্যার ডিভিশনের তৈরি এই বাংলা সফটওয়্যারটির দু'টি রূপ রয়েছে -একটি বংশী মেইল আর অন্যটি হলো বংশী ওয়ার্ড।


গত ২৬-২৯ অক্টোবর বেসিস সফটওয়্যার ২০০২-এ এই সফটওয়্যার দু'টি প্রদর্শিত ও বিক্রি হয়। প্রতিটি সফটওয়্যারের নির্ধারিত মূল্য ৫০০ টাকা হলেও মেলায় প্রতিটি বিক্রি হয় ৪০০ টাকা করে। বংশী মেইল একটি চমৎকার ইমেইল ক্লায়েন্ট। যাতে ইংরেজী অক্ষরে, বাংলা অক্ষরে ইমেইল টাইপ করলে তা রূপান্তরিত হয় বাংলায় এবং কাউকে তখন সেই ইমেইল পাঠালে সেই চিঠি সহজভাবেই চলে যাবে প্রাপকের কাছে। এক্ষেত্রে বংশী মেইল ব্যবহার করে এমবেডেড কন্টেকনোলজী। ফলে প্রাপকের ইমেইল ক্লায়েন্ট বংশী মেইল না হলেও প্রাপক কোন রকম ফন্টের ঝামেলা ছাড়াই বাংলায় ইমেইল পাবেন। আর এক্ষেত্রে

একটা মজার সুবিধা হলো একই ফন্ট রীতিগুলোও মানা হয়েছে এই প্রেরক বাংলা ও ইংরেজি দুই ভাষাতেই সফটওয়্যারে। ফলে যে যেভাবেই লিখুক ইমেইল পাঠাতে পারছেন। আর না কেন, শুনতে যেটা মনে হবে - বর্তমানে বাংলার যে ইউনিকোড স্ট্যান্ডার্ড আছে সেটি ব্যবহার করে বলে বংশী মেইল মোটেও ফন্ট নির্ভর নয়। একই সাথে এমবেডেড ওয়েব ফন্ট টেকনোলজী ব্যবহার করে বলে ইমেইলের সাথে আলাদা করে ফন্ট পাঠাতে হয় না বংশী মেইলে। আর প্রাপক হটমেইল, ইয়াহু, আউটলুক কিংবা ইউডোরাতে বসেই বাংলায় মেইল পাবেন। আর

বংশী মেইলের জন্য এর নির্মাতা প্রতিষ্ঠান দিচ্ছে অনলাইন সাপোর্ট ও ফ্রি আপডেট পাবার সুবিধা। আর বংশীর দ্বিতীয় পণ্যটি হলো বংশী ওয়ার্ড। এটি মূলত মাইক্রোসফট ওয়ার্ডের জন্য একটি প্লাগইন। এটি থাকলে বংশী মেইলের মতই মাইক্রোসফট ওয়ার্ডে ইংরেজী অক্ষরে বাংলা টাইপ করে লেখা যাবে। আর সেই লেখা নিজেই রূপান্তরিত হবে বাংলা অক্ষরে। বংশীর প্রধান ডেভেলপার শাহ আলী নেওয়াজ তপু জানালেন, বংশীর দু'টো সফটওয়্যারেই ভাষার রূপান্তরের জন্য ব্যবহৃত হয়েছে ISO 15905 অনুমোদিত ফেনেটিক ট্রান্সলিটেশন স্ট্যান্ডার্ড রীতি। পাশাপাশি আদর্শ বাংলাসহ প্রচলিত অন্যান্য

বংশী
মেইল

ফন্টের ঝামেলা ছাড়াই বাংলায় ইমেইল



বাংলায় সেটাই লিখবে বংশী।

এছাড়াও চ্যাটে বাংলা ব্যবহারের সুবিধার্থে বংশী মেইল কিংবা বংশী ওয়ার্ডের ব্যবহারকারীরা পাবেন একটি এমএসএন ম্যাসেঞ্জার প্লাগ ইন। যার ফলে এমএসএন ম্যাসেঞ্জারেও বংশী ব্যবহার করা যাবে।

এছাড়া বংশী ওয়ার্ডের সাথে রয়েছে একটি ডকুমেন্ট কনভার্টার। এই কনভার্টারের সাহায্যে এতদিনের বিভিন্ন পুরনো বাংলা ডকুমেন্ট সহজেই ইউনিকোড সাপোর্টেড ডকুমেন্টে রূপান্তর করা যাবে।

বংশী সম্পর্কে আরো বিস্তারিত জানতে হলে <http://www.bangsee.com> সাইটটিতে যেতে পারেন।

- মোঃ মারুফ হোসেন

ট্যাবলেট
পিসির
জাপান
জয়ের
চেষ্টা

ট্যাবলেট পিসি নামক নতুন প্রযুক্তির কম্পিউটারের ধারণার উৎপত্তি মার্কিন যুক্তরাষ্ট্রে। সে দেশের মাইক্রোসফট কর্পোরেশনসহ বড় কয়েকটি প্রতিষ্ঠান এই ট্যাবলেট পিসি নিয়ে বেশ মাতামাতি করলেও এখনো সে দেশে ট্যাবলেট পিসি বিশেষ জনপ্রিয়তা লাভ করতে পারেনি। অন্যদিকে ট্যাবলেট পিসির কনসেপ্ট অনুকরণ করে জাপানী কম্পিউটার কোম্পানিগুলো ক্রেতাদের মন জয় করতে তৎপর। গত ৭ নভেম্বর ফুজিৎসু ইলেক্ট্রনিকস ও হিউলেট প্যাকাড যৌথভাবে দু'টি ট্যাবলেট পিসি বাজারে ছাড়ার ঘোষণা দিয়েছে। ফুজিৎসুর এফএমভি স্টাইলিস্টিক এবং এইচপির কম্পেক্ট ট্যাবলেট পিসি দু'টির উভয়েই মাইক্রোসফটের নতুন অপারেটিং সিস্টেম উইন্ডোজ এসপি ট্যাবলেট পিসি এডিশন ব্যবহার করে। এই ট্যাবলেট পিসিগুলোর দাম ২লক্ষ ২০ হাজার ইয়েন থেকে সর্বোচ্চ ৩ লক্ষ ইয়েন পড়বে। (১৮০০ থেকে ২৫০০ মার্কিন ডলার।)

উপরের ছবিতে ফুজিৎসু কর্মকর্তা কাজুহিরো ইগারাশি এবং হিউল্যাট প্যাকাড কর্মকর্তা মাকতো বাবা নিজ নিজ কোম্পানির তৈরী ট্যাবলেট পিসি প্রদর্শন করছেন - ছবি এএফপি